

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ জুলাই ২০২২

জহুর আহমদ চৌধুরীর মৃত্যুবার্ষিকী উপলক্ষে সিটি মেয়রের শ্রদ্ধা নিবেদন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জহুর আহমদ চৌধুরী এদেশের একজন নন্দিত রাজনীতিবিদ। তিনি ছিলেন আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীণ সাক্ষী। রোজ গার্ডেন সম্মেলন থেকে আওয়ামী লীগের সদস্য। চট্টগ্রাম আওয়ামী লীগকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে তার ভূমিকা ছিল অনন্য। তিনি দলের সুসময়ে-অসময়েও আওয়ামী লীগের নির্ভরযোগ্য নেতা ছিলেন। বঙ্গবন্ধুর সোনার বাংলা এবং জননেত্রী শেখ হাসিনার উন্নত বাংলাদেশ গড়তে জহুর আহমদ চৌধুরীর মত নেতার জীবন থেকে আমাদের শিক্ষা নিতে হবে। আজ শুক্রবার সকালে সাবেক মন্ত্রী জহুর আহমদ চৌধুরীর ৪৮তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে তাঁর কবরে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদনকালে গিয়ে তিনি একথা বলেন।

এ সময় উপস্থিত ছিলেন কাউন্সিলর আবদুস সালাম মাসুম, হাসান মুরাদ বিপ্লব, শৈবাল দাশ সুমন, সলিমুল্লাহ বাচ্চু, মো. নুরুল আমিন, মুক্তিযোদ্ধা সংসদ মহানগর কমান্ডার মোজাফফর আহমদ, শ্রমিক নেতা সফর আলী ও ফিরোজ আহমদ প্রমুখ।

মেয়র আরো বলেন, বঙ্গবন্ধু ঐতিহাসিক ছয় দফা প্রকাশ্যে চট্টগ্রামের লালদিঘী মাঠ থেকে ঘোষণা করেছিলেন। সে সভায় সভাপতিত্ব করেছিলেন তৎকালীন পৌর আওয়ামী লীগ সভাপতি জননেতা জহুর আহমদ চৌধুরী। বঙ্গবন্ধু ২৫ মার্চের কালো রাতে স্বধীনতার ঘোষণা পাঠিয়ে ছিলেন জহুর আহমদ চৌধুরীর কাছে। তিনি ছিলেন মুক্তিযুদ্ধে বাংলাদেশ লিবারেশন কাউন্সিল ইন্টার্ন জেনার চেয়ারম্যান। জহুর আহমদ চৌধুরী ন্যায়-নিষ্ঠা, সৎ, পরিচ্ছন্ন, ত্যাগী ও আদর্শবাদী দেশ প্রেমী একজন রাজনৈতিক। তাঁর সেই আদর্শ ধারণ করতে পারলে আমরাও একজন আদর্শবান রাজনৈতিক নেতা হওয়ার যোগ্যতা আর্জন করতে পারবো।

নুর নগর হাউজিং এস্টেট গরু বাজরের ব্যাবায়িক কার্যক্রমের উদ্বোধন করেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ক্রমশঃ সাধারণের সন্তুষ্টি অর্জনের মধ্যদিয়ে বাজারের সুনাম বৃদ্ধি পায়। ক্রেতাগণ যেখান নিরাপত্তা বোধ করে, স্বাচ্ছন্দ্য দেখে শুনে নিজের পছন্দমতো পশু ক্রয় করে পারে সেখানেই ক্রেতাগণ ঝুঁকে। তাই ক্রেতাদের সন্তুষ্টি অর্জন করতে হবে। বাজারে ক্রেতা-বিক্রেতা উভয় সুন্দর ও শৃঙ্খলভাবে পশু ক্রয় বিক্রয় করার পরিবেশ তৈরী করতে হবে। তিন আজ শুক্রবার সকালে নগরীর নুর নগর হাউজিং এস্টেট গরু বাজরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি আরো বলেন, ক্রেতা-বিক্রেতার সুবিধার্থে বাজারে সার্বক্ষণিক বিদ্যুৎ, পানি, মাঠের খানা-খন্দক ভরাটসহ যাবতীয় কার্যক্রম সিটি কর্পোরেশন পরিচালনা করছে এবং আইন-শৃঙ্খলা বাহিনীও পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করেছে। এখানে কোন প্রকার অব্যবস্থাপনা ও উশৃঙ্খলাতা যাতে না হয় সেব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

হাজী ইব্রাহিম সওদাগর সভাপতি অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ওয়ার্ড কাউন্সিলর এম, আশরাফুল আলম, মো. এসরারর হক, শৈবাল দাশ সুমন, আবদুস সালাম মাসুম। এসময় আরো উপস্থিত ছিলেন ব্যাবায়ীগণসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩